# অস্ট্রেলিয়ান ভিসা ও নাগরিকত্ব

যারা অস্ট্রেলিয়ায় বৈধ ও নিয়মতান্ত্রিক উপায়ে অভিবাসনের কথা চিন্তা করছেন সেইসব সম্ভাব্য বাংলাদেশী অভিবাসীদেরকে ঢাকায় অবস্থিত হোম অ্যাফেয়ার্স অফিস ভিসা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি পাওয়ার সুযোগ করে দিয়ে সর্বাঙ্গীণ পরিষেবা দিয়ে থাকে।

আর এটি বাংলাদেশ সরকারের সাথে অভিবাসন ও সীমান্ত সংশ্লিষ্ট বিষয়গুলি নিয়ে উঠতি এবং পারস্পরিকভাবে লাভজনক সম্পৃক্ততা এবং উন্নতিকে সহজতর করার মূল যোগাযোগ মাধ্যম হিসাবেও কাজ করে।

বাংলাদেশে আবেদনকারীরা অনলাইনে ভিসা ও নাগরিকত্বের আবেদন জমা দিতে এবং ট্র্যাক (হালনাগাদ তথ্য জানতে) করতে পারেন।

# অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন

## অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন করার আগে আপনাকে যা জানতে হবে

সকল অস্ট্রেলিয়ান ভিসার আবেদন ImmiAccount – অস্ট্রেলিয়ার ডিপার্টমেন্ট অফ অ্যাফেয়ার্স ইমিগ্রেশন পোর্টালের মাধ্যমে জমা দিতে হবে।

**ImmiAccount হল একমাত্র সরকারি ওয়েবসাইট যা অস্ট্রেলিয়ান ভিসার আবেদন জমার সময় ব্যবহৃত হয়।**

আপনি ImmiAccount ব্যবহার করে নিজেই অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন করতে পারেন।

যদি আপনি ভিসার জন্য এজেন্ট ব্যবহার করেন, নিশ্চিত করুন তারা আপনাকে ImmiAccount-এ আপনার ভিসা আবেদন দেখতে দিচ্ছে যাতে আপনি জানতে পারেন তারা কোন ধরনের ভিসার জন্য আবেদন করেছে এবং আপনার আবেদনের বর্তমান অবস্থা কী। যদি তারা এতে অস্বীকৃতি জানায়, তবে তারা আপনার সাথে প্রতারণা করছে।

ভিসা প্রতারণা থেকে নিরাপদ থাকার উপায় সম্পর্কে আরও জানুন।

## বায়োমেট্রিক্স অনুরোধ

বাংলাদেশে যারা অস্ট্রেলিয়ান ভিসার জন্য আবেদন করেন, তাদের বায়োমেট্রিক্স (ছবি এবং আঙ্গুলের ছাপ) দিতে হতে পারে। অস্ট্রেলিয়ার হোম অ্যাফেয়ার্স বিভাগ এ বিষয়ে অনুরোধ করে একটি আনুষ্ঠানিক চিঠি পাঠায়। বায়োমেট্রিক্সের অনুরোধ মানে এই নয় যে আপনার ভিসা মঞ্জুর হয়েছে। বায়োমেট্রিক্স সংগ্রহ ভিসা আবেদন প্রক্রিয়ার একটি ধাপ মাত্র এবং এটি ভিসার নিশ্চয়তা দেয় না।

বাংলাদেশে বায়োমেট্রিক্স সংগ্রহ করে VFS Global, একটি চুক্তিবদ্ধ সেবা প্রদানকারী। তারা ভিসার সিদ্ধান্ত নেয় না, এবং তারা আপনাকে বলতে পারবে না আপনার ভিসা আবেদন বৈধ কিনা।

## ভিসা মঞ্জুর হওয়ার পর কী করবেন

ImmiAccount-এ আপনার ভিসা অনুমোদন পত্র যাচাই করুন।

প্রতারক এজেন্টরা প্রায়ই অস্ট্রেলিয়ার বিনামূল্যের ভিসার (যেমন ট্রানজিট ভিসা, মেরিটাইম ক্রু ভিসা এবং কিছু ভিজিটর ভিসা) জন্য আবেদন করে, কিন্তু 'ওয়ার্ক ভিসা'র নামে মানুষের কাছ থেকে বেশী ফি নেয়। আপনি ট্রানজিট ভিসা বা ভিজিটর ভিসায় অস্ট্রেলিয়ায় কাজ করতে পারবেন না।

যদি আপনার ভিসা মঞ্জুর হয়, তাহলে ImmiAccount-এ Messages-এর অধীনে আপনার ভিসা মঞ্জুরপত্রের একটি কপি/অনুলিপি থাকবে। এতে বলা থাকবে:

- আপনাকে যে ধরনের ভিসা মঞ্জুর করা হয়েছে
- আপনি অস্ট্রেলিয়ায় কতদিন থাকতে পারবেন
- আপনি কাজ করতে পারবেন কিনা।

যদি আপনার ভিসা আবেদন প্রত্যাখ্যাত হয়, তাহলে আপনার ImmiAccount-এ একটি বার্তা থাকবে। ডকুমেন্টটির শিরোনাম হবে: 'IMMI Refusal Notification with Decision Record'।

আপনি অস্ট্রেলিয়ান সরকারের ভিসা ফাইন্ডার-এও যাচাই করতে পারেন, যেখানে আপনি জানতে পারেন উক্ত ভিসা আপনাকে অস্ট্রেলিয়ায় কাজ করার অনুমতি দেয় কিনা।

## কোথায় আরও তথ্য পেতে পারেন

## জিজ্ঞাসা ও প্রতিক্রিয়া

ভিসা এবং নাগরিকত্বের আবেদনসমূহ ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ার্স দ্বারা পরিচালিত হয়। ঢাকায় অস্ট্রেলিয়ান হাইকমিশনের কর্মীরা সাধারণ ভিসা বা নাগরিকত্ব সংক্রান্ত অনুসন্ধানে সহায়তা করতে পারবেন না।

অস্ট্রেলিয়ান ভিসা এবং নাগরিকত্বের জন্য আবেদন সম্পর্কিত সর্বশেষ এবং বিস্তারিত তথ্যের জন্য, দয়া করে ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ার্স এর ওয়েবসাইট দেখুন। যদি আপনার ভিসা বা নাগরিকত্ব আবেদনের বিষয়ে কোনো জিজ্ঞাসা থাকে, তাহলে সঠিক যোগাযোগের চ্যানেলটি ডিপার্টমেন্টের 'আমাদের সাথে যোগাযোগ করুন' পেইজে: 'প্রশংসা, অভিযোগ এবং পরামর্শ শিরোনামে উল্লেখ রয়েছে। এই চ্যানেল ব্যবহার করে, আপনি নিশ্চিত করতে পারবেন যে আপনার জিজ্ঞাসাটি প্রয়োজনীয় পরামর্শ প্রদানে সবচেয়ে উপযুক্ত বিভাগের কাছে পাঠানো হচ্ছে।

## মাইগ্রেশন এজেন্ট

বাংলাদেশসহ বিভিন্ন দেশে বিশ্বব্যাপী কাজ করছেন অস্ট্রেলিয়ান নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টরা। এই এজেন্টরা অস্ট্রেলিয়ায় অবস্থিত নিবন্ধিত মাইগ্রেশন এজেন্টদের মতো একই আচরণবিধি, পেশাগত উন্নয়ন এবং নিয়মাবলীর আওতায় রয়েছেন। মাইগ্রেশন পরামর্শ পেশার সত্যতা নিশ্চিত করতে অস্ট্রেলিয়ার প্রচেষ্টা এবং নিবন্ধিত এজেন্টদের তালিকা সম্পর্কে আরও তথ্যাদি OMARA ওয়েবসাইটে পাওয়া যাবে।

## সর্বশেষ খবর

সর্বশেষ অভিবাসন ও নাগরিকত্ব সংক্রান্ত খবর জানতে নিউজ আর্কাইভ দেখুন।

## গ্লোবাল সার্ভিস সেন্টার

যদি আপনার অতিরিক্ত তথ্যের প্রয়োজন হয়, আপনি আপনার স্থানীয় সময় অনুযায়ী সোমবার থেকে শুক্রবার, সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত +৬১ ২ ৬১৯৬ ০১৯৬ নম্বরে **গ্লোবাল সার্ভিস সেন্টারে** টেলিফোন করতে পারেন।

আন্তর্জাতিক কলগুলিতে আপনার স্থানীয় ক্যারিয়ারের আরোপিত চার্জ প্রযোজ্য হতে পারে। সম্ভাব্য উচ্চ চার্জ এড়াতে আপনি ভয়েস ওভার ইন্টারনেট প্রোটোকল (VoIP) প্রদানকারী ব্যবহার করার কথা বিবেচনা করতে পারেন।

## একজন দোভাষী ব্যবহার করা

যখন আপনি GSC-এ কল করবেন, আপনার দোভাষী সংযোগ পেতে ট্রান্সলেটিং এন্ড ইন্টারপ্রেটিং (TIS) এর সাথে সংযোগ করতে অপশন ৬(6) নির্বাচন করুন। GSC নম্বর ডায়াল করার পর সরাসরি অপশন ৬(6) নির্বাচন করা যায়।

অথবা, TIS ইন্টারপ্রেটার সরাসরি নিম্নলিখিত মাধ্যমেও সংযুক্ত করা যেতে পারে:

- TIS ওয়েবসাইট: Translating and Interpreting Service (TIS National) অথবা
- হোম অ্যাফেয়ার্স এর  ওয়েবসাইট দেখুন: আপনার আবেদন জমা দিতে পরিবার ও বন্ধুর সহায়তা

## সন্দেহজনক সীমান্ত কার্যকলাপ সম্পর্কিত অভিযোগ

যদি আপনি এমন কিছু দেখেন বা জানতে পারেন যা অস্ট্রেলিয়ায় অবৈধ অভিবাসন সহজতর করার প্রচেষ্টা বলে মনে হয়, তবে অনুগ্রহ করে তা Border Watch-এ রিপোর্ট করুন। Border Watch হল Department of Home Affairs এবং Australian Border Force (ABF)-এর সন্দেহজনক সীমান্ত কার্যকলাপ সম্পর্কিত অভিযোগ সংগ্রহের একমাত্র কেন্দ্র, এবং এটি শুধুমাত্র অভিবাসন ও নাগরিকত্বের মধ্যে সীমাবদ্ধ নয়; এতে পণ্য বা মালামাল অবৈধভাবে স্থানান্তরের চেষ্টাও অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনার একটি নগন্য পর্যবেক্ষণও একটি বৃহত্তর সীমান্ত অপরাধ থামাতে সাহায্য করতে পারে। আপনি সন্দেহজনক অভিবাসন, শুল্ক ও সীমান্ত-সংক্রান্ত কার্যক্রম Border Watch Online Report এর মাধ্যমে রিপোর্ট করতে পারেন।